# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৪৮৬

পর্ব-১০: আল্লাহ তা'আলার নামসমূহ (كتاب اسماء الله تعالى)

পরিচ্ছেদঃ ৭. প্রথম অনুচ্ছেদ - মৌলিক দু'আসমূহ

## بَابُ جَامِعِ الدُّعَاءِ

### আরবী

وَعَنْ أَبِي مَالِكٍ الْأَشْجَعِي عَنْ أَبِيهِ قَالَ: كَانَ الرجل إِذا أسلم علمه النَّبِي صلى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الصَّلَاةَ ثُمَّ أَمَرَهُ أَنْ يَدْعُوَ بِهَؤُلَاءِ الْكَلِمَاتِ: «اللَّهُمَّ اغْفِرْ لِي وَارْحَمْنِي وَاهْدِنِي وَعَافِنِي وَارْزُقْنِي» . رَوَاهُ مُسلم

### বাংলা

২৪৮৬-[৫] আবূ মালিক আল আশ্'জা'ঈ (রহঃ) হতে বর্ণিত। তিনি তার পিতা হতে বর্ণনা করেন। তার পিতা বলেন, যখন কোন লোক ইসলাম গ্রহণ করতেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে প্রথম সালাত শিক্ষা দিতেন। তারপর তাকে এ পূর্ণ বাক্যগুলো পড়ে দু'আ করতে আদেশ করতেন,

’’আল্ল-হুম্মাগফিরলী, ওয়ারহামনী, ওয়াহদিনী, ওয়া ’আ-ফিনী, ওয়ারযুকনী’’

(অর্থাৎ- হে আল্লাহ! আমাকে ক্ষমা করো, আমাকে দয়া করো, আমাকে পথ দেখাও, আমাকে শান্তিতে রাখো এবং আমাকে রিযক দান করো)। (মুসলিম)[1]

### ফুটনোট

[1] সহীহ : মুসলিম ২৬৯৭, সহীহ ইবনু খুযায়মাহ্ ৮৪৮।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: কোন ব্যক্তি ইসলাম গ্রহণ করলে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সর্বপ্রথম তাকে সালাতের শর্ত ও রুকনসমূহ শিক্ষা দিতেন অথবা যে সালাত তার তৎকালে উপস্থিত সে সালাত শিক্ষা দিতেন কারণ তখন সালাত আদায় করা তার জন্য ফারযে আইন। অতঃপর তাকে হাদীসে উল্লিখিত শব্দগুলো শিক্ষা দিতেন এজন্য যে, এ

শব্দসমূহ দুনিয়া ও আখিরাতের সমস্ত কল্যাণকে ধারণ করে। সে শব্দসমূহ হলো, হে আল্লাহ! তুমি আমার গুনাহসমূহ মুছে দেয়ার মাধ্যমে আমাকে ক্ষমা করো, আমার দোষ-ত্রুটিসমূহ ঢেকে রাখার মাধ্যমে আমার ওপর দয়া করো, আমাকে শান্তি ও নিরাপত্তার পথে পরিচালিত করো অথবা সরল প্রশস্ত পথের উপর আমাকে দৃঢ় রাখো, সমস্ত বিপদ ও ভুল-ভ্রান্তি থেকে আমাকে মুক্ত রাখো এবং আমাকে হালাল রিযক (জীবিকা) দান করো।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57046

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন